

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

প্রোগ্রামিং শাখা

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.brdh.gov.bd

বিষয়ঃ ১৩ অক্টোবর/২০২০ খ্রি: অনুষ্ঠিত বিআরডিবি'র ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি	:	নিতাই চন্দ্র সেন পরিচালক (প্রশাসন)
সভার তারিখ	:	১৩ অক্টোবর/২০২০ খ্রি:
সভার সময়	:	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	:	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক' দৃষ্টব্য।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ইনোভেশন ও সেবা সহজিকরণ কার্যক্রম ফলপ্রসূ করার জন্য ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগেরসমূহের বর্তমান অবস্থা নিরূপন ও পরবর্তী করণীয় নির্ধারণ এবং এ বিষয়ে তিনি সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	বিগত সভার সুপারিশসমূহ পর্যালোচনা	<ul style="list-style-type: none"><li>● সভায় উপপরিচালক প্রোগ্রামিং ও সদস্য সচিব, ইনোভেশন কমিটি সকলকে অবগত করেন যে ইতোপূর্বে ২২ সেপ্টেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় সুপারিশসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে।</li><li>● ই-নথির বিষয়ে সদর দপ্তর ও জেলা পর্যায়ে পত্র জারির জন্য মহাপরিচালক মহোদয়ের নিকট ২ টি পত্র উপস্থাপন করা হয়েছে;</li><li>● পিডিএস সফটওয়্যারের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের এর নিকট নথি উপস্থাপন করা হয়েছে।</li></ul>	উপস্থাপিত নথিসমূহের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)
	২০২০-২০২১ অর্থবছরের প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশ	সভায় ২০২০-২০২১ অর্থবছরে সদর দপ্তর, জেলা দপ্তর ও উপজেলা দপ্তর থেকে প্রেরিত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাগুলো উপস্থাপন করা হয়। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সকল উদ্যোগসমূহ একীভূতপূর্বক এ তালিকা প্রস্তুতপূর্বক তা তথ্য বাতায়নে প্রকাশের বিষয়ে আলোচনা হয়।	নির্ধারিত সময়ের মধ্যে উদ্যোগ/ধারণাগুলো একীভূত করে তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)
০২	২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগসমূহের একীভূত তথ্য কণিকা তৈরি ও প্রেরণ	উপপরিচালক প্রোগ্রামিং মাঠ পর্যায় থেকে প্রেরিত ২০২০-২০২১ অর্থবছরের আইডিয়াসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি আরো অবগত করেন যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ থেকে বিআরডিবি'র মাঠ পর্যায় থেকে প্রেরিত উদ্ভাবনী উদ্যোগ/ধারণা সমূহের সমন্বয়ে ২০২০-২০২১ অর্থবছরের জন্য একীভূত তথ্য কণিকা চাওয়া হয়েছে। এছাড়া কর্মপরিকল্পনা অনুযায়ী একীভূত তথ্য কণিকা ওয়েবসাইটে প্রচারের লক্ষ্যমাত্রা রয়েছে।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের চাহিদা মোতাবেক ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের একীভূত তথ্য কণিকা প্রস্তুতপূর্বক মহাপরিচালক	উপপরিচালক (প্রোগ্রামিং)

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
			মহোদয়ের অনুমোদনক্রমে তা পউসবি এ প্রেরণ এবং ওয়েবসাইটে প্রচার করতে হবে।	
০৪	সেবা সহজিকরণের জন্য সেবা নির্বাচন ও অফিস আদেশ জারি	সভায় জানানো হয় যে, ইতোপূর্বে বিআরডিবি 'র ০৩ টি সেবাকে সহজিকরণ করা হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী অনুচ্ছেদ-১২.১.১. এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে মাঠ পর্যায় থেকে সেবা আহ্বান করা হয়েছে। এ আলোকে মাঠ পর্যায় থেকে নিম্নোক্ত ০৩ (তিন) টি সেবা সহজিকরণের জন্য প্রেরণ করা হয়েছে: ১. অফিসিয়াল চিঠিপত্র বই আকারে (মোট কাভারে) বঁধাই ও সংরক্ষণ; ২. উপকারভোগীদের বীমা আত্মীকরণ; ৩. অবসরভোগীদের মাসিক পেনশন প্রদান। এ সেবাসমূহ সহজিকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বাস্তবায়নযোগ্য সেবা নির্বাচনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	বাস্তবায়নযোগ্য সেবা নির্বাচনপূর্বক তা সহজিকরণের জন্য যা করা প্রয়োজন সে বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	ইনোভেশন কমিটি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
নিতাই চন্দ্র সেন  
পরিচালক (প্রশাসন)

ও  
সভাপতি, ইনোভেশন কমিটি  
বিআরডিবি, ঢাকা

☎ ৮১৮০০০৪  
E-mail: dradmn@brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৭৫.১৩-৫৭৩৩

তারিখ: ১৩ অক্টোবর ২০২০ খ্রি:

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১. পরিচালক (অর্থ ও হিসাব) বিআরডিবি, ঢাকা।
২. যুগ্মপরিচালক (সিসিএম), বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক (পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।
৬. পরিচালক (প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

  
নাজনীন খানম  
উপপরিচালক (প্রোগ্রামিং)

ও  
সদস্য সচিব, ইনোভেশন কমিটি  
বিআরডিবি, ঢাকা